রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, ডিসেম্বর ২৯, ২০১৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণিজ্য মন্ত্রণালয়

রপ্তানি-৩ শাখা

বিজ্ঞপ্তি

তারিখ, ০৪ ডিসেম্বর ২০১৩ খ্রিঃ

নং ২৬.০০.০০০০.১০২.৪৯.০১.১৩/৬৮২—যেহেতু জাতীয় অর্থনীতিকে সমৃদ্ধ ও সুসংহত করিবার স্বার্থে রপ্তানি বাণিজ্য উন্নয়ন, সম্প্রসারণ এবং রপ্তানির প্রকৃতি ও পরিমাণ ব্যাপকতর করিবার লক্ষ্যে বাংলাদেশী রপ্তানিকারক প্রতিষ্ঠান ও উদ্যোক্তাদেরকে সহায়তা ও উৎসাহ প্রদান;

এবং যেহেতু বাংলাদেশের রপ্তানি বৃদ্ধিতে যে সকল ব্যক্তি, প্রতিষ্ঠান এবং সংস্থা উল্লেখযোগ্য অবদান রাখিতেছে তাহাদিগকে যথোপযুক্ত রাষ্ট্রীয় পর্যায়ে পুরস্কারে ভূষিত করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ সংশোধিত নীতিমালা (Policy) প্রণয়ন করা হইল ঃ—

১। শিরোনাম।—এই নীতিমালা 'জাতীয় রপ্তানি ট্রফি নীতিমালা-২০১৩' নামে অভিহিত হইবে।

২। পুরস্কার (ট্রফি ও সনদ) প্রদান ঃ—

(১) বাংলাদেশের রপ্তানি বৃদ্ধিতে যে সকল ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা উল্লেখযোগ্য অবদান রাখিবেন তাহাদের অবদানের স্বীকৃতিস্বরূপ রাষ্ট্রীয় পর্যায়ে জাতীয় রপ্তানি ট্রফি ও সনদ প্রদান করা হইবে।

(২) রপ্তানি ট্রফি প্রতি অর্থ বৎসরের জন্য প্রদান করা হইবে এবং মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত হইবে।

(৩) ট্রফি পণ্য ও সেবা রপ্তানিভিত্তিক হইবে।

(৪) সকল রপ্তানি পণ্য ও সেবাকে টেবিলে উল্লিখিত বত্রিশটি পণ্য ও সেবা খাতে বিভক্ত করা হইবে। প্রতিটি খাতের বিপরীতে উল্লিখিত ন্যূনতম রপ্তানি আয় অর্জনকারী রপ্তানিকারকগণ ট্রফির জন্য আবেদন করিতে পারিবেন, যথা ঃ

| ক্রমিক নং | পণ্য ও সেবা খাত | ন্যূনতম আয় (মিলিয়ন মার্কিন ডলার) |
|---|---|---|
| (১) | তৈরি পোশক (ওভেন) | ২৮.০০ |
| (২) | তৈরি পোশক (নিটওয়্যার) | ২৪.০০ |
| (৩) | সকল ধরনের সুতা | ১০.০০ |
| (৪) | টেক্সটাইল ফেব্রিক্স | ১০.০০ |
| (৫) | হোম ও স্পেশালাইজড টেক্সটাইল | ২০.০০ |
| (৬) | টেরিটাওয়েল | ৫.০০ |
| (৭) | হিমায়িত খাদ্য | ১০.০০ |
| (৮) | কাঁচা পাট | ৫.০০ |
| (৯) | পাটজাত দ্রব্য | ১০.০০ |
| (১০) | চামড়া (ক্রাস্ট/ফিনিশ্ড) | ১০.০০ |
| (১১) | চামড়াজাত পণ্য | ২.০০ |
| (১২) | ফুটওয়্যার (সকল) | ৪.০০ |
| (১৩) | চা | ২.০০ |
| (১৪) | কৃষিজ পণ্য (তামাক ব্যতীত) | ১.০০ |
| (১৫) | এগ্রোপ্রসেসিং পণ্য (তামাকজাত পণ্য ব্যতীত) | ১.০০ |
| (১৬) | ফুল-ফলিয়েজ | ১.০০ |
| (১৭) | হস্তশিল্পজাত পণ্য | ০.২৫ |
| (১৮) | মেলামাইন | ২.০০ |
| (১৯) | প্লাস্টিক পণ্য | ২.০০ |
| (২০) | সিরামিক সামগ্রী | ৩.০০ |
| (২১) | লাইট ইঞ্জিনিয়ারিং পণ্য | ১.৫০ |
| (২২) | ইলেকট্রিক ও ইলেকট্রোনিক্স পণ্য | ১.৫০ |
| (২৩) | জাহাজ | ৩০.০০ |
| (২৪) | অন্যান্য শিল্পজাত পণ্য | ২.০০ |
| (২৫) | ফার্মাসিউটিক্যাল পণ্য | ২.০০ |
| (২৬) | কম্পিউটার সফ্‌টওয়ার | ২.০০ |

| ক্রমিক নং | পণ্য ও সেবা খাত | ন্যূনতম আয় (মিলিয়ন মার্কিন ডলার |
|---|---|---|
| (২৭) | ইপিজেডভুক্ত ১০০% বাংলাদেশী মালিকানাধীন ('সি' ক্যাটাগরী) তৈরী পোশাক শিল্প (নীট ও ওভেন) | ৩০.০০ |
| (২৮) | ইপিজেডভুক্ত ১০০% বাংলাদেশী মালিকানাধীন ('সি' ক্যাটাগরী) অন্যান্য পণ্য ও সেবা খাত | ১০.০০ |
| (২৯) | প্যাকেজিং ও এক্সেসরিজ পণ্য | ৪.০০ |
| (৩০) | অন্যান্য প্রাথমিক পণ্য | ০.৫০ |
| (৩১) | অন্যান্য সেবা খাত | ২.০০ |
| (৩২) | নারী উদ্যোক্তা/রপ্তানিকারকগণের (প্রকৃত ব্যবসায়ী ও ব্যবসায়ী কর্মকাণ্ডে সরাসরি সম্পৃক্ততা থাকতে হবে) জন্য সংরক্ষিত (উৎপাদিত পণ্য ও সেবা) | ০.৫০ |

**বিশেষ দ্রষ্টব্য ঃ** রপ্তানি উন্নয়ন ব্যুরো কর্তৃক প্রকাশিত পরিসংখ্যানের অন্যান্য প্রাথমিক পণ্য (Other Primary Commodity) এবং অন্যান্য শিল্প পণ্য (Other Manufacturing Commodity) হিসেবে বিবেচিত পণ্যাদিই ৩০ ও ২৪ নং খাতের পণ্য হিসেবে বিবেচিত হবে।

(৫) সাধারণভাবে প্রতিটি পণ্য ও সেবা খাতে ১টি স্বর্ণ, ১টি রৌপ্য এবং ১টি ব্রোঞ্জ ট্রফি প্রদান করা হইবে। তবে কোন নির্দিষ্ট পণ্য ও সেবার ক্ষেত্রে যদি উল্লেখযোগ্য সংখ্যক আবেদন না থাকে তাহা হইলে তিনটি ট্রফির স্থলে অবস্থাবিশেষে স্বল্প সংখ্যক ট্রফি প্রদান করা যাইতে পারে।

(৬) ট্রফির ক্ষেত্রে রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক প্রতিষ্ঠান ও বেসরকারি বাণিজ্যিক প্রতিষ্ঠানকে সমভাবে বিবেচনা করা হইবে, অর্থাৎ মালিকানার কারণে সরকারি ও বেসরকারি খাতের মধ্যে কোন বৈষম্য করা যাইবে না।


(৭) যে সকল পণ্য ও সেবা খাতের রপ্তানি শুধুমাত্র সরকারি খাতের জন্য সংরক্ষিত থাকিবে সেই সকল খাতে ট্রফি প্রদান করা হইবে না।

(৮) পণ্য ও সেবা খাত নির্বিশেষে সর্বোচ্চ রপ্তানি আয়ের ভিত্তিতে বৎসরের সেরা রপ্তানিকারক প্রতিষ্ঠান বা সংস্থাকে একটি স্বর্ণের ট্রফি ও সনদ প্রদান করা হইবে। এক্ষেত্রে উক্ত প্রতিষ্ঠানকে ঐ পণ্য বা সেবা খাতের রপ্তানি সাফল্যের জন্য ট্রফি প্রদান ব্যহত করবে না।

(৯) নারী উদ্যোক্তা/রপ্তানিকারকদের ক্ষেত্রে আবেদনকারীর নামে ট্রেড লাইসেন্স থাকতে হবে এবং প্রকৃত নারী উদ্যোক্তা হিসেবে সংশ্লিষ্ট ব্যবসায়ী সমিতির সনদপত্র প্রয়োজন হবে।

৩। ট্রফির বিবরণ, উপাদান, ইত্যাদি।—

(১) ট্রফির ডিজাইন হইবে, নিম্নরূপ যথা ঃ—




(২) ট্রফির গায়ে জাতীয় রপ্তানি ট্রফি, জাতীয় ফুলের প্রতিকৃতি, ধাতুভিত্তিক ট্রফির শ্রেণি বিন্যাস (স্বর্ণ, রৌপ্য অথবা ব্রোঞ্জ) এবং ট্রফি প্রদানের বৎসর খোদিত থাকিবে।

(৩) স্বর্ণ, রৌপ্য ও ব্রোঞ্জ ট্রফি ফলকের প্রতিটিতে যথাক্রমে এক তোলা করিয়া খাঁটি স্বর্ণ (২২ ক্যারেট) রৌপ্য ও ব্রোঞ্জ থাকিবে।

(৪) বৎসরের সেরা রপ্তানিকারককে প্রদেয় ট্রফির গায়ে "বৎসরের সেরা রপ্তানিকারক" কথাটি লিপিবদ্ধ থাকিবে।

(৫) ট্রফির নিম্নাংশের কাঠের কাঠামোর গায়ে জাতীয় রপ্তানি ট্রফি, ট্রফির শ্রেণি বিন্যাস, ট্রফি প্রাপ্তির বৎসর এবং ট্রফি প্রাপক প্রতিষ্ঠান বা সংস্থার নাম ও ঠিকানা ইংরেজিতে লিখিত থাকিবে।

(৬) ট্রফি স্বচ্ছ মোড়কে পৃথক বাক্সে প্রদান করা হইবে।

(৭) ট্রফির সাইজ হইবে ৭" ×১০" এবং ইহার ডায়ামিটার হইবে ৫.৫" এবং ইহার কাঠ ও প্লাস্টিক ভিত্তির স্বর্ণের প্লেটিং ও মিনার কাজ থাকিবে।

৪। **ট্রফি প্রদান**।—অসাধারণ এবং উল্লেখযোগ্য রপ্তানি সাফল্যের জন্য জাতীয় স্বীকৃতিস্বরূপ প্রতি অর্থ বৎসর রপ্তানিকারক হিসেবে বাংলাদেশে নিবন্ধিত কোন প্রতিষ্ঠান বা সংস্থাকে ট্রফি প্রদান করা যাইবে।

৫। **বাতিলকরণ, পুনরুদ্ধার**।—(১) সরকার যে কোন প্রতিষ্ঠান বা সংস্থাকে প্রদত্ত ট্রফি বাতিল করিতে পারিবে এবং উক্তরূপ ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বা সংস্থা প্রাপ্ত ট্রফি সরকারের নিকট প্রত্যার্পণ করিতে বাধ্য থাকিবে এবং উক্ত প্রতিষ্ঠান বা সংস্থার নাম ট্রফির রেজিস্টার হইতে খারিজ করা হইবে, তবে সরকার প্রধান যথাযথ বলিয়া বিবেচনা করিলে বাতিলকৃত ট্রফি পুনঃপ্রদান করিতে পারিবেন এবং সেই ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বা সংস্থার নাম পুনরায় ট্রফি রেজিস্টারে লিপিবদ্ধ করিতে হইবে।

৬। ট্রফির প্রতিকৃতি ব্যবহার।—ট্রফি প্রাপ্তির তারিখ হইতে তিন বৎসর পর্যন্ত ট্রফি প্রাপক প্রতিষ্ঠান বা সংস্থা তাহার পণ্য প্যাকেজ এবং লেটার হেডে ট্রফির প্রতিকৃতি ব্যবহার করিতে পারিবেন।

৭। ট্রফি প্রাপক নির্বাচন।—ট্রফি প্রাপক ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা নির্বাচনের জন্য সরকার একটি ট্রফি নির্বাচনী কমিটি গঠন করিবে এবং উক্ত কমিটির সুপারিশক্রমে ট্রফি প্রদান করা হইবে। কমিটিকে উহার কাজে সহায়তা প্রদানের জন্য কমিটি প্রয়োজনবোধে উপ-কমিটি গঠন করিতে পারিবে।

৮। গেজেট বিজ্ঞপ্তি।—ট্রফি প্রদান, বাতিলকরণ বা পুনঃপ্রদান গেজেট বিজ্ঞপ্তির মাধ্যমে প্রকাশ করিতে হইবে।

৯। রেজিস্টার।—ট্রফি প্রাপকের নাম একটি রেজিস্টারে লিপিবদ্ধ থাকিবে।

১০। ট্রফি প্রাপক নির্বাচন—

(১) ট্রফি প্রাপক ব্যক্তি, প্রতিষ্ঠান ও সংস্থা নির্বাচনের ক্ষেত্রে নিম্নলিখিত নির্ণায়কসমূহ বিবেচনা করিতে হইবে ঃ—

(ক) সংশ্লিষ্ট অর্থ বৎসরে বিবেচ্য ব্যক্তি, প্রতিষ্ঠান/সংস্থার মোট রপ্তানি আয়;

(খ) পূর্ববর্তী অর্থ বৎসরের তুলনায় সংশ্লিষ্ট অর্থ বৎসরের আয়গত রপ্তানি প্রবৃদ্ধি (ডলার);

(গ) রপ্তানিকারক সংশ্লিষ্ট বৎসরে নতুন বাজারে কোন পণ্য বিপণনে সক্ষম হইয়াছে কিনা;

(ঘ) রপ্তানিকারক সংশ্লিষ্ট বৎসরে রপ্তানি বাজারে সাফল্যের সাথে নতুন পণ্য সংযোজন করিয়াছেন কিনা;

(ঙ) সংশ্লিষ্ট অর্থ বৎসরে শিল্প প্রতিষ্ঠানের compliance সমূহ রপ্তানিকারক প্রতিষ্ঠান প্রতিপালন করিয়াছে কিনা; এক্ষেত্রে compliance Format (চেক লিস্ট) মানদণ্ড হিসেবে বিবেচনা করিতে হইবে (পরিশিষ্ট-ক)।

(২) নির্ণায়কসমূহের জন্য পূর্ণমান ১০০ বিবেচনাপূর্বক উপ-দফা (১)-এর (ক) এর জন্য ৬০ নম্বর, (খ) এর জন্য ১০ নম্বর (গ) এর জন্য ১০ নম্বর, (ঘ) এর জন্য ১০ নম্বর এবং (ঙ) এর জন্য ১০ নম্বর বণ্টন করা হইবে।

(৩) নির্ধারিত ৩২ টি পণ্য ও সেবা খাতের প্রতিটি খাতের সর্বোচ্চ রপ্তানি আয় এবং সর্বোচ্চ প্রবৃদ্ধি অর্জনকারী প্রতিষ্ঠান বা সংস্থাকে পূর্ণ নম্বর প্রদান করিতে হইবে এবং আনুপাতিক হারে অন্যান্য প্রতিষ্ঠান বা সংস্থাকে নম্বর প্রদান করিতে হইবে।

(৪) উপ-দফা (১) এ উল্লিখিত নির্ণায়কগুলোর মূল্যায়নের ভিত্তিতে সংশ্লিষ্ট পণ্য ও সেবা খাতে সর্বোচ্চ নম্বর অর্জনকারীকে স্বর্ণ, দ্বিতীয় সর্বোচ্চ নম্বর অর্জনকারীকে রৌপ্য ও তৃতীয় সর্বোচ্চ নম্বর অর্জনকারীকে ব্রোঞ্জ ট্রফি প্রদান করা হইবে।

(৫) সর্বক্ষেত্রে প্রসিডস্ রিয়ালাইজেশন সার্টিফিকেটের (পিআরসি) ভিত্তিতে আবেদনকারী প্রতিষ্ঠান/সংস্থার রপ্তানি আয় বিবেচনা করা হইবে। পিআরসি যাচাই-এর সুবিধার্থে বাংলাদেশ ব্যাংকের নির্ধারিত Export Proceeds Realisation Certificate ফরম (পরিশিষ্ট-খ) যথাযথভাবে পূরণ করিয়া আবেদনের সাথে দাখিল করিতে হইবে।

(৬) রপ্তানিকারক-এর ব্যাংকের লেটার হেড প্যাডে রপ্তানিকারক প্রতিষ্ঠানের নাম, পণ্যের নাম, FOB (Free On Board) মূল্যে অর্থ বৎসরের মোট প্রত্যাবাসিত রপ্তানি আয় মিলিয়ন মার্কিন ডলার উল্লেখপূর্বক পৃথকভাবে এক পাতার পিআরসি দাখিল করিতে হইবে। উল্লিখিত পিআরসি অবশ্যই সংশ্লিষ্ট ব্যাংক-এর প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক প্রতিস্বাক্ষরিত হইতে হইবে। পিআরসি-তে স্বাক্ষরকারী এবং প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তার নাম, পি.এ নম্বর সিলসহ এবং ফোন নম্বর উল্লেখ করিতে হইবে।

(৭) যে সকল প্রতিষ্ঠানের খেলাপী বা অনাদায়ী ব্যাংক ঋণ, আয়কর অথবা মূল্য সংযোজন কর আপীলেত ট্রাইব্যুনাল বা আদালতে বিচারাধীন থাকিবে সে সকল প্রতিষ্ঠানের আবেদন বিবেচনা করা যাইবে।

১১। প্রতি ৫ (পাঁচ) বছর পরপর নীতিমালা পর্যালোচনাপূর্বক সংশোধন করিতে হইবে। এক্ষেত্রে নীতিমালা সংশোধন প্রক্রিয়া চলমান থাকিলে প্রচলিত নীতিমালা অনুযায়ী ট্রফি প্রাপক প্রতিষ্ঠান নির্বাচন করিতে হইবে এবং ট্রফি প্রদান করা হইবে।

১২। **রহিতকরণ**।—এতদ্বারা ৬ অগ্রহায়ণ ১৪১৩/২১ নভেম্বর ২০০৬ সালের বাম/র-৩/জাঃরঃট্রঃ (১২)/২০০৩/৩৮২-নম্বর বিজ্ঞপ্তি এবং ডিসেম্বর ৪, ২০১১ সালের বাম/সিই/১(১০৫)/জাঃরঃট্রঃ/নীতিমালা/২০১১(অংশ-১)/৬৮৯ বিজ্ঞপ্তির মাধ্যমে জারিকৃত জাতীয় রপ্তানি ট্রফি নীতিমালা-২০০৬ রহিত করা হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মাহবুব আহমেদ
সচিব।

পরিশিষ্ট-ক

কল-কারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তরের পরিদর্শন টিম
কর্তৃক গার্মেন্টস কারখানা পরিদর্শন

পূর্ণ নম্বর ঃ ১০০
প্রতিদফায় নম্বর ঃ ২

১। কারখানার নাম ও ঠিকানা নাম ঃ
ঠিকানা ঃ
ফোন ঃ ফ্যাক্স ঃ ই-মেইল ঃ

২। (ক) চেয়ারম্যান/মালিকের নাম ঃ
মোবাইল নম্বর ঃ
টেলিফোন নম্বর ঃ

(খ) ব্যবস্থাপনা পরিচালকের নাম ঃ
মোবাইল নম্বর ঃ
টেলিফোন নম্বর ঃ

(গ) পরিচালকের নাম ঃ
মোবাইল নম্বর ঃ
টেলিফোন নম্বর ঃ

(ঘ) ব্যবস্থাপকের নাম ঃ
মোবাইল নম্বর ঃ
টেলিফোন নম্বর ঃ

৩। কারখানাটি প্রতিষ্ঠার তারিখ ঃ .......................

৪। ক) পরিদর্শনের তারিখ ঃ খ) পূর্ব পরিদর্শনের তারিখ ঃ

৫। কারখানার রেজিষ্ট্রেশন ও নবায়ন সংক্রান্ত ঃ

(ক) কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তর প্রদত্ত (খ) পেশাগত সংগঠন প্রদত্ত

| বিজিএমইএ | বিকেএমইএ | সদস্য নয় |
|---|---|---|

লাইসেন্স নম্বর ঃ রেজিস্ট্রেশন নম্বর ঃ
তারিখ ঃ তারিখ ঃ
নবায়ন ঃ নবায়ন ঃ

৬। প্রধান উৎপাদিত পণ্য ঃ

| নীট | ওভেন | সোয়েটার | অন্যান্য |
|---|---|---|---|
| | | | |

৭। শ্রমিক সংখ্যা ঃ (ক) মহিলা.................. (খ) পুরুষ.............. মোট ...................

৮। কর্মচারীর সংখ্যা ঃ (ক) মহিলা.................. (খ) পুরুষ.............. মোট ...................

৯। কারখানা ভবনটির Structural Design উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক (রাজউক, পিডব্লিউডি, এলজিইডি, ক্যান্টনমেন্ট বোর্ড) অনুমোদনের তারিখঃ

১০। কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তর কর্তৃক কারখানা নক্সা (Factory Layout Plan) অনুমোদনের তারিখ ঃ

১১। কারখানা ভবনটি কি কোন পর্যায়ে সম্প্রসারিত করা হয়েছে ঃ

১২। কারখানাটি কি ১ম তলা/বহুতলা/বহুতল ভবনের............ ফ্লোরে অবস্থিতঃ

১৩। কারখানায় মোট সিঁড়ির সংখ্যা কত ঃ

১৪। কারখানায় জরুরী বহির্গমনের জন্য মোট কয়টি সিঁড়ি/দরজা আছে ঃ

১৫। কারখানার বহির্গমন পথে Collapsible Gate আছে কিনা ঃ

১৬। জেনারেটর নিরাপদ বেষ্টনী দেওয়াল দ্বারা আবদ্ধ কিনা ঃ

১৭। কারখানার বয়লার নিরাপদ দেয়াল দ্বারা আবদ্ধ কিনা এবং নিয়মিতভাবে রক্ষণাবেক্ষণ করা হয় কিনা ঃ

১৮। বৈদ্যুতিক সাব-ষ্টেশন কারখানা ভবনের বাহিরে/ভিতরে অবস্থিত ঃ

১৯। বৈদ্যুতিক সাব-ষ্টেশন নিরাপদ বেষ্টনী দেওয়াল দ্বারা আবদ্ধ কিনা ঃ

২০। কারখানার গোডাউন কারখানার ভিতরে/বাহিরে অবস্থিত কিনা এবং ভিতরে হলে কোন ফ্লোরে ঃ

| ক্রঃ নং | বিষয় | | |
|---|---|---|---|
| | কারখানা ভবন সংক্রান্ত | হ্যাঁ/না | প্রাপ্ত নম্বর |
| (১) | কারখানা পরিদর্শন পরিদপ্তর কর্তৃক অনুমোদিত কারখানা নক্সা (Factory Layout Plan) এর সাথে বর্তমান কারখানা ভবন এবং মেশিন লে-আউট প্লানের (Machine Layout Plan) সামঞ্জস্য আছে কিনা ? | | |
| (২) | ভবনটি কি কারখানা হিসেবে ব্যবহারের জন্য নির্মিত ? | | |
| (৩) | সম্প্রসারিত ভবনের কারখানা নক্সা (Factory Layout Plan) কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তর কর্তৃক অনুমোদিত কিনা ? | | |
| (৪) | কারখানায় ফায়ার সার্ভিসের গাড়ী যাতায়াতের জন্য প্রশস্ত রাস্তা আছে কিনা ? | | |
| (৫) | বহির্গমনের সিঁড়ি দিয়ে সরাসরি বাহিরে যাওয়া যায় কিনা ? | | |
| (৬) | কারখানার অভ্যন্তরে চলাচল পথ ও আভ্যন্তরীণ সিঁড়ি নিরাপদ ও প্রশস্ত কিনা ? | | |
| (৭) | কারখানার ছাদে ন্যূনতম ২৫% খোলা জায়গা আছে কিনা ? | | |
| (৮) | কারখানার ছাদে নিরাপদে গমনাগমনের ব্যবস্থা আছে কিনা ? | | |
| (৯) | লাল রং দ্বারা এবং বাংলা অক্ষরে বহির্গমনের পথ তীর চিহ্নিত করা আছে কিনা ? | | |
| (১০) | কর্মকালীন সময় ফটক এবং দরজাগুলো খোলা থাকে কিনা ? | | |

| ক্রঃ নং | বিষয় | | |
|---|---|---|---|
| | অগ্নি প্রতিরোধ সংক্রান্ত | হ্যাঁ/না | প্রাপ্ত নম্বর |
| (১) | কারখানাটির ফায়ার লাইসেন্স হালনাগাদ নবায়ন করা আছে কিনা ? | | |
| (২) | কারখানায় নিয়মিত অগ্নিনির্বাপন মহড়া অনুষ্ঠিত হয় কিনা ? | | |
| (৩) | অগ্নিনির্বাপন মহড়া বিষয়ে নির্ধারিত রেকর্ড বুক সংরক্ষণ করা হয় কিনা ? | | |
| (৪) | ব্যবহার উপযোগী অগ্নি নির্বাপক সরঞ্জামাদি আছে কিনা ? | | |
| (৫) | অগ্নি নির্বাপক সরঞ্জামাদি সম্পর্কে শ্রমিক-কর্মচারীরা প্রশিক্ষণপ্রাপ্ত কিনা ? | | |
| (৬) | কারখানা ভবনের ছাদে অগ্নি নির্বাপন কাজে ব্যবহারের জন্য পানিপূর্ণ পাকা জলাধার (পানির সংযোগ লাইনসহ) আছে কিনা ? | | |
| (৭) | কারখানা ভবনের নিচে ভূগর্ভস্থ পাকা জলাধার মেইন ফায়ার পাম্পের সাথে সংযুক্ত আছে কিনা ? | | |
| (৮) | প্রতি ফ্লোরে প্রয়োজনীয় সংখ্যক হোজরিল এর ব্যবস্থা আছে কিনা ? | | |
| | বৈদ্যুতিক নিরাপত্তা সংক্রান্ত | | |
| (১) | কারখানায় বৈদ্যুতিক লাইনসমূহ নিরাপদভাবে কনসিল করা আছে কিনা ? | | |
| (২) | বৈদ্যুতিক লাইনসমূহ নিয়মিত পরীক্ষা করা হয় কিনা এবং এতদসংক্রান্ত রেকর্ড সংরক্ষণ করা হয় কিনা ? | | |
| (৩) | প্রধান বৈদ্যুতিক সুইচ মেইন বিল্ডিং এর বাইরে অবস্থিত কিনা ? | | |
| (৪) | বিদ্যমান মেইন সুইচটির সামনে কোন প্রতিবন্ধকতা আছে কিনা ? | | |
| (৫) | গোডাউনের ভিতরে কোন বিদ্যুৎ সংযোগ আছে কিনা ? | | |
| (৬) | আপৎকালীন সময়ে ব্যবহারের জন্য নির্দেশিকাসহ বহির্গমন পথে ও সিঁড়িতে বিকল্প আলোর (IPS/Charger) ব্যবস্থা আছে কিনা ? | | |
| (৭) | অগ্নিকান্ড বা বিপদের সময় হুঁশিয়ার করার জন্য শ্রবণযোগ্য হুঁশিয়ারি সংকেত (এলার্ম) ও Strobe এর ব্যবস্থা আছে কিনা ? | | |
| (৮) | জরুরী অবস্থায় বিদ্যুৎ বিচ্ছিন্ন করার জন্য প্রত্যেক কক্ষে যথাযথ ব্যবস্থা আছে কিনা ? | | |
| (৯) | কারখানার হোয়েষ্ট এবং লিফ্টগুলো উপযুক্ত ব্যক্তি কর্তৃক পরীক্ষা করানো হয়েছে কিনা এবং এতদসংক্রান্ত রেকর্ড/রেজিষ্টার সংরক্ষণ করা হয় কিনা ? | | |
| | সাধারণ বিষয়াবলী সংক্রান্ত | | |
| (১) | শ্রমিক/কর্মচারীদের নিয়োগপত্র প্রদান করা হয় কিনা ? | | |
| (২) | শ্রমিক/কর্মচারীদেরকে ছবিসহ পরিচয়পত্র প্রদান করা হয় কিনা ? | | |
| (৩) | শ্রমিক/কর্মচারীদের চাকুরী বহি সংরক্ষণ করা হয় কিনা ? | | |
| (৪) | শ্রমিক/কর্মচারীদের রেজিস্টার ও হাজিরা কার্ড সংরক্ষণ করা হয় কিনা ? | | |
| (৫) | মজুরী নিয়মিত পরিশোধ করা হয় কিনা ? | | |
| (৬) | সরকার ঘোষিত মজুরী কাঠামো অনুসরণ করা হয় কিনা ? | | |

| ক্রঃ নং | বিষয় | | |
|---|---|---|---|
| | সাধারণ বিষয়াবলী সংক্রান্ত | হ্যাঁ/না | প্রাপ্ত নম্বর |
| (৭) | অধিকাল ভাতা নিয়ম মোতাবেক পরিশোধ করা হয় কিনা ? | | |
| (৮) | কাজের সময়সূচি পরিদর্শক কর্তৃক অনুমোদিত কিনা ? | | |
| (৯) | ছুটির বিধান অনুসরণ করা হয় কিনা ? | | |
| (১০) | প্রসূতি কল্যাণ ছুটি ও ভাতা প্রদান করা হয় কিনা ? | | |
| (১১) | পুরুষ শ্রমিক ও মহিলা শ্রমিকদের জন্য প্রয়োজনীয় সংখ্যক Toilet আছে কিনা ? | | |
| (১২) | কারখানায় শিশু শ্রমিক কর্মরত আছে কিনা ? | | |
| (১৩) | প্রয়োজনীয় সরঞ্জামসহ ডে-কেয়ার সেন্টার আছে কিনা ? | | |
| (১৪) | প্রশিক্ষণপ্রাপ্ত যোগ্য ব্যক্তির তত্ত্বাবধানে নির্ধারিত সরঞ্জামাদিসহ প্রাথমিক চিকিৎসার ব্যবস্থা আছে কিনা ঃ | | |
| (১৫) | বিশুদ্ধ পানি পান করার ব্যবস্থা আছে কিনা ? | | |
| (১৬) | পার্টিসিপেশন কমিটি আছে কিনা ? | | |
| (১৭) | ট্রেড ইউনিয়ন আছে কিনা ? | | |
| (১৮) | দুর্ঘটনা সংক্রান্ত নোটিশ প্রেরণ এবং এতদ্‌সংক্রান্ত রেকর্ড এবং রেজিস্টার সংরক্ষণ করা হয় কিনা ? | | |
| (১৯) | শ্রমিকদের নিরাপত্তার জন্য ব্যক্তিগত সুরক্ষার সরঞ্জামাদি Personal Protective Equiepment (PPE) ব্যবহার করা হয় কিনা ? | | |
| (২০) | কারখানার প্রতি ফ্লোরে পর্যাপ্ত আলো ও বায়ু চলাচলের ব্যবস্থা আছে কিনা ? | | |
| (২১) | সেইফটি রেকর্ড বুক ও সেইফটি বোর্ড সংরক্ষণ করা হয় কিনা ? | | |
| (২২) | প্রতিষ্ঠানে কোন সেফটি কমিটি আছে কিনা ? | | |
| (২৩) | কারখানার শ্রমিক-কর্মচারী জীবন বীমা কর্মসূচীর আওতাভুক্ত কিনা ? | | |

মোট প্রাপ্ত নম্বর ঃ

<u>প্রতিষ্ঠান সম্পর্কে মন্তব্য</u>

কারখানা কর্তৃপক্ষের স্বাক্ষর

পরিদর্শকের স্বাক্ষর

| Sep Chapter 22 | Para 22 |
|---|---|

পরিশিষ্ট-খ

| APP.5 | 68 |
|---|---|

## Export Proceeds Realisation Certificate

Name and address of the Exporter..............

Export Registration Certificate No...........

| Export Form No. 'Exp' | Description of Commodity exported | B/L No. & date and country of destination | Invoice Value No. & Date | Amount realised | | Date of realisation | 1. Feight 2. Commission 3. Insurance | Net fob Value | | Date of Submission of triplicate copy/copies to the Control | Reference of the Schedule statement in which transaction has been or will be reported to the control |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | Foreign currency | Bangladesh Taka | | | Foreign Currency | Bangladesh Taka | | |
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 | 10 | 11 | 12 |
| | | | | | | | | | | | |

| FOR USE OF THE BANGLADESH BANK | |
|---|---|
| Checked and found correct<br>Countersigned subject to detailed post facto check on receipt of the relevant schedule/statement from the Authorised Dealer Concerned.<br><br>*Signature with date and seal* | We hereby certify that the particular's mentioned above are correct. We also undertake that in case any discrepancy in regard to the transactions mentioned in this certificate is detected, we shall remain responsible for the same and shall abide by any decision taken by the Bangladesh Bank in this regard. We further undertake that if any insurance and other export claims relating to the export indicated in the Proceeds Realisation Certificate arises, we shall abide by any decision of the Bangladesh Bank for deduction of appropriate amount from any future Proceeds Realisation Certificate.<br><br>*Signature of the Authorised Dealer with Date and seal* |

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd